

উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা এর পরিবেশ ও বন কমিটির ফেব্রুয়ারি ২০২২ মাসের সভার কার্যবিবরণীঃ


**সভাপতিঃ আফরোজা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা
স্থানঃ মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ
তারিখঃ ২৪.০২.২০২২ সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা ।**

সভায় উপস্থিত বৃন্দ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি সভা পরিচালনার জন্য সদস্য সচিব, উপজেলা বন কর্মকর্তা জনাব মোঃ মঞ্জুলুল হাসানকে অনুরোধ জানান। উপজেলা বন কর্মকর্তা সকলকে ধন্যবাদ জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠকরে শুনান এবং কোন সংশোধনি না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। অতঃপর তিনি সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য সকলকে অনুরোধ জানান। অধ্যকার সভায় নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত হয়।

| নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|----|--------------------|--|--|---------------|
| ০১ | (২) তাল গাছ লাগানো | উপজেলা বনকর্মকর্তা সভায় বলেন যে, বর্তমান সদাশয় সরকার বজ্রপাত হতে রক্ষায় তাল গাছ লাগানো প্রতি গুরুত্ব দিয়েছেন। তাই কলমাকান্দা উপজেলায় সকল রাস্তার দু পাশে তাল গাছ লাগানোর জন্য ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্টদের অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনান্তে বজ্রপাত হতে রক্ষায় সকলকে তাল গাছ লাগাতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | পরিবেশ সংরক্ষণ | সভাপতি বলেন যে, পরিবেশের ভারসাম্য রক্ষায় সকল ইউনিয়নেই বনায়ন করা প্রয়োজন এবং মানব জাতির বেটে থাকার জন্য সুষ্ঠু ও সুন্দর পরিবেশ বাঞ্ছনীয়। তাই পরিবেশের ভারসাম্য রক্ষায় গাছ লাগানোর প্রতি সকলকে গুরুত্ব দিতে হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে পরিবেশ রক্ষায় প্লাস্টিক জাতীয় ব্যাগ ইত্যাদি পরিহার করতে হবে। প্রচুর পরিমাণে গাছ লাগাতে হবে। | সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।


(আফরোজা বেগম)
ভাইস চেয়ারম্যান(মহিলা)
উপজেলা পরিষদ
কলমাকান্দা, নেত্রকোণা

স্মারক নং- ১০/কলমা


সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা।

২। উপজেলা নির্বাহী অফিসার, কলমাকান্দা, নেত্রকোণা।

৩। অফিস কপি।

তারিখঃ ২৪.০২.২০২২।


28/2/22
(মোঃ মঞ্জুলুল হাসান)
উপজেলা বন কর্মকর্তা
কলমাকান্দা, নেত্রকোণা